

একই তারিখ ও স্বাক ঠিক রেখে পত্র সংশোধন করা হল।



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/

তারিখ :

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ২১ মে ২০১৫ খ্রি. তারিখের নং ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/২১০ স্মারক পত্র  
খ) প্রধান শিক্ষকের ২৭-০৫-২০১৫ তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার মহম্মদপুর উপজেলাধীন বাবুখালী নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধের শর্তে ০১-০১-২০১৪ তারিখ হতে ৩১-১২-২০১৬ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হ'ল-

শর্তসমূহ

- ১। আগামী ০২ বছরের মধ্যে নিজস্ব জমিতে ভবন নির্মাণসহ শিক্ষা প্রতিষ্ঠানটি স্থানান্তর করতে হবে। অন্যথায় পাঠদানের প্রাথমিক অনুমতি বাতিল বলে গণ্য হবে
- ২। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে
- ৩। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন-২০০৫ অনুসরণ করতে হবে এবং শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে
- ৪। প্রাথমিক পাঠদানের অনুমতিকে কোন অবস্থাতেই স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না
- ৫। উক্ত মেয়াদের মধ্যে স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে এই অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। সেক্ষেত্রে উক্ত বিদ্যালয় পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদী পরিচালনা থেকে বিরত থাকতে হবে
- ৬। শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৬-২০০৯ খ্রি. তারিখের এস.আর. ও নং ১৫৩/আইন/২০০৯ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে
- ৭। জে.এস.সি পরীক্ষার ফল সংখ্যাগত ও গুণগতভাবে সন্তোষজনক করতে হবে
- ৮। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে
- ৯। বোর্ডের পূর্বানুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোনক্রমেই উত্তোলন করা যাবে না
- ১০। জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে
- ১১। লাইব্রেরিতে পুস্তক সংখ্যা কাম্য পরিমাণে বৃদ্ধি করতে হবে
- ১২। বাংলা একাডেমী কর্তৃক প্রকাশিত অভিধানসমূহ সংগ্রহ ও অনুসরণ করতে হবে

( ড. মোঃ আহসান হাবীব )

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১- ৬৮৬৩৪

মোবাইল ০১৭৩৩-২২২০০৫

e-mail : is@jessoreboard.gov.bd

প্রধান শিক্ষক

বাবুখালী নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়

ডাক : বাবুখালী, উপজেলা : মহম্মদপুর

জেলা- মাগুরা

স্মারক নং-বিঅ-৬/ ২১৪০৩০

অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল

তারিখ : ২৭/০৭/১৫

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। উপ-পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। জেলা শিক্ষা অফিসার, মাগুরা
- ৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহম্মদপুর, মাগুরা
- ৯। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১০। সংরক্ষণ নথি

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর